বাংলাদেশ মহিলা পরিষদ
BANGLADESH MAHILA PARISHAD
SUFIA KAMAL BHABAN
10/B/1, SEGUN BAGICHA, DHAKA-1000
Phone 9582182, Fax 9563529, website: www.mahilaparishad.org
E-mail: info@mahilaparishad.org, mparishad@gmail.com
Reg. No.Dha-0462
NGOs in consultative status with the Economic and Social Council [ECOSOC] of the United Nations

তারিখ: ১২ জুন ২০২২

বরাবর
বার্তা সম্পাদক সমীপে
দৈনিক পত্রিকা ও টেলিভিশন চ্যানেল
সংবাদ প্রকাশার্থে / সংবাদ প্রচারার্থে

বিষয়: ঢাকা বিশ্ববিদ্যালয় চত্বরে নারীর প্রতি সহিংসতার ঘটনায় বাংলাদেশ মহিলা পরিষদের প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত।

মহোদয়,
"আসুন নারী ও কন্যার প্রতি সহিংসতার বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তুলি"- এই স্লোগানকে সামনে রেখে আজ ১২ই জুন ২০২২ বিকাল ৩.৩০ টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের টি এস সি তে- রাজু ভাস্কর্যের সামনে ঢাকা বিশ্ববিদ্যালয় চত্বরে নারীর প্রতি সহিংসতার ঘটনায় বাংলাদেশ মহিলা পরিষদের উদ্যোগে প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। **উক্ত প্রতিবাদ সমাবেশে সভাপতিত্ব করেন বাংলাদেশ মহিলা পরিষদের সভাপতি ডা. ফওজিয়া মোসলেম। বক্তব্য রাখেন** বাংলাদেশ মহিলা পরিষদের সাধারণ সম্পাদক মালেকা বানু; যুগ্ম-সাধারণ সম্পাদক সীমা মোসলেম; যুগ্ম-সাধারণ সম্পাদক অ্যাড. মাসুদা রেহানা বেগম; বাংলাদেশ মহিলা পরিষদের কেন্দ্রীয় লিগ্যাল এইড সম্পাদক রেখা সাহা; আন্দোলন সম্পাদক রাবেয়া খাতুন শান্তি; ঢাকা মহানগর কমিটির সহ-সাধারণ সম্পাদক মঞ্জু ধর, এবং সংগঠনের , কেন্দ্রীয় লিগ্যাল এইড উপপরিষদের সদস্য ডা. নাহিদ নবী লেনা, সিনিয়র আইনজীবি অ্যাড. রাম লাল রাহা, ঢাকা বিশ্ববিদ্যালযের উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ বিভাগের **শিক্ষার্থী রিদিয়া রাকা, ইডেন কলেজের শিক্ষার্থী নির্জনা ভূঁইয়া।**

সমাবেশে বক্তারা বলেন,
বর্তমানে মধ্যম আয়ের দেশে বাংলাদেশকে এগিয়ে নিয়ে যাওয়ায় ক্ষেত্রে নারীর দৃশ্যমান ও অদৃশ্যমান ভুমিকা অনস্বীকার্য। নারীরা দিনে ও রাতে সকল কর্মক্ষেত্রে দৃঢ়তার সাথে কাজ করছে এবং দেশকে এগিয়ে নিয়ে যাচ্ছে। কিন্তু সেই সকল নারীরা স্বাধীন দেশে স্বাধীনভাবে কেন চলাচল করতে পারবে না, কেন নিরাপত্তা লংঘিত হবে তা নিয়ে বক্তারা রাষ্ট্র, প্রশাসন, জনপ্রতিনিধি সহ সকলের কাছে প্রশ্ন রাখেন। তারা আরো বলেন পরপর অনেকগুলো সহিংসতার ঘটনা ঘটছে। মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত স্বাধীন দেশে পোশাকের কারণে নারীকে হেনস্তার ঘটনা বাংলাদেশে নজিরবিহীন। প্রতিটি নির্যাতনের ঘটনায় দ্রুত অপরাধীদের শাস্তি না হওয়ায়ও আইনের প্রকৃত বাস্তবায়ন না হওয়া, কারণে অপরাধীরা আরো সক্রিয় হয়ে উঠছে। এসময় তারা নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে সকলকে নিশ্চিত ও নির্বিকার মনোভাব পরিহার করে সোচ্চার হওয়ার জন্য, সহিংসতার ঘটনায় প্রকৃত অপরাধীকে চিহ্নিত করে তাকে আইনের আওতায় এনে উপযুক্ত শাস্তি নিশ্চিত করা সহ ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা সহ সকল জায়গায় নিরাপদে ও স্বাধীনভাবে নারীর চলাচল নিশ্চিত করার দাবি জানান। পাশাপাশি যৌন হয়রানি নিপীড়নসহ নারীর প্রতি সহিংসতা

বাংলাদেশ মহিলা পরিষদ
BANGLADESH MAHILA PARISHAD
SUFIA KAMAL BHABAN
10/B/1, SEGUN BAGICHA, DHAKA-1000
Phone 9582182, Fax 9563529, website: www.mahilaparishad.org
E-mail: info@mahilaparishad.org, mparishad@gmail.com
Reg. No.Dha-0462
NGOs in consultative status with the Economic and Social Council [ECOSOC] of the United Nations

প্রতিরোধে মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশনা অনুসারে যৌন হয়রানি নিপীড়ন রোধে পৃথক আইন প্রণয়নের দাবি জানানো হয়।

সমাবেশে বাংলাদেশ মহিলা পরিষদের সভাপতি ডা. ফওজিয়া মোসলেম বলেন, নারীর প্রতি সহিংসতা প্রতিকারে বাংলাদেশ মহিলার পরিষদ বিভিন্ন কর্মসূচী পালন করছে। করোনা কালীন পরিস্থিতি স্বাভাবিক হলেও নারীর প্রতি সহিংসতা থেকে আমরা কোনভাবেই মুক্ত হতে পারছিনা। নারীদের প্রতি যারা ক্রমাগত অশোভন আচরণ করছে তাদের সমাজের কাছে লজ্জিত হওয়া উচিত। তিনি আরো বলেনসকল পুরুষ নারীকে অসম্মানের চোখে দেখে বিষয়টি এমন নয়। গোটাকয়েক পুরুষ যারা নারীকে অধঃস্তন ভেবে সহিংসতা, যৌন হয়রানি ও হেনস্তা করছে তাদের আইনের আওতায় এনে দ্রুত বিচার নিশ্চিত করতে হবে। পাশাপাশি তিনি নারীর প্রতি সহিংসতা প্রতিরোধের আন্দোলনে সকলকে শামিল হওয়ার ও ঢাকা বিশ্ববিদ্যালয় চত্বর নারীর জন্য নিরাপদ হিসেবে গড়ে তোলার আহ্বান জানিয়ে বক্তব্য শেষ করেন।

বক্তব্য শেষে সংগঠনের পক্ষে প্রস্তাব পাঠ করেন অ্যাডভোকেসি ও লবি পরিচালক জনা গোস্বামী। তিনি এসময় সংগঠনের পক্ষে দাবি উপস্থাপন করেন (সংযুক্তি-১)।

প্রতিবাদ সমাবেশে বাংলাদেশ মহিলা পরিষদের কেন্দ্রীয় কমিটির নেতৃবৃন্দ, জাতীয় পরিষদ সদস্য, ঢাকা মহানগর কমিটির নেতৃবৃন্দ, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিক, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীবৃন্দ এবং সংগঠনের কর্মকর্তা উপস্থিত ছিলেন। সমাবেশ অনুষ্ঠানের সঞ্চালনায় ছিলেন অ্যাডভোকেসি এন্ড লবি পরিচালক (ভারপ্রাপ্ত) অ্যাড. দীপ্তি সিকদার।

<u>প্রস্তাবাবলী:</u>

১. এই সমাবেশ ঢাকা বিশ্ববিদ্যালয় চত্বরে নারীর প্রতি সহিংসতার বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানাচ্ছে এবং অবিলম্বে নির্যাতকের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানাচ্ছে।
২. নারী ও কন্যার প্রতি যৌন নিপীড়নসহ সকল প্রকার সহিংসতা ও নির্যাতন বন্ধ করার দাবি জানাচ্ছে।
৩. এই সমাবেশ উত্ত্যক্তকরণ, যৌন হয়রানি ও নিপীড়ন, ধর্ষণ, গণধর্ষণ, হত্যা, এসিড নিক্ষেপের বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তুলার জোর দাবি জানাচ্ছে।
৪. এই সমাবেশ নারীর স্বাধীন চলাচলে নিরাপত্তার দাবি জানাচ্ছে।
৫. এই সমাবেশ নারী-পুরুষ নির্বিশেষে সকল দেশবাসীকে ঐক্যবদ্ধভাবে নারী নির্যাতন প্রতিরোধ, নারীর মানবাধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে অপরাধ ও সন্ত্রাসমুক্ত নিরাপদ সমাজ গঠনে এগিয়ে আসার আহ্বান জানাচ্ছে।
৬. এই সমাবেশ নারীর প্রতি সহিংসতার বিরুদ্ধে পারিবারিক মূল্যবোধ গড়ে তুলার এবং ধর্ষণ ও যৌন নিপীড়নের শিকার নারীকে দায়ী করার মানসিকতা পরিহার করার আহ্বান জানাচ্ছে।
৭. এই সমাবেশ উত্ত্যক্তকরণ, যৌন হয়রানি ও নিপীড়ন রোধে মহামান্য হাইকোর্টের রায়ের আলোকে পৃথক আইন প্রণয়ন করার দাবি জানাচ্ছে।
৮. এই সমাবেশ ধর্ষণসহ নারীর প্রতি যৌন সহিংসতা বন্ধে সরকারের ঘোষিত নারী নির্যাতনের বিরুদ্ধে জিরো টলারেন্স এর বাস্তবায়ন দৃশ্যমান করার দাবি জানাচ্ছে।

বাংলাদেশ মহিলা পরিষদ
BANGLADESH MAHILA PARISHAD
SUFIA KAMAL BHABAN
10/B/1, SEGUN BAGICHA, DHAKA-1000
Phone 9582182, Fax 9563529, website: www.mahilaparishad.org
E-mail: info@mahilaparishad.org, mparishad@gmail.com
Reg. No.Dha-0462
NGOs in consultative status with the Economic and Social Council [ECOSOC] of the United Nations

৯. কর্মক্ষেত্র ও রাস্তাঘাট, গণপরিবহনসহ ঘরে-বাইরে সর্বত্র নারী ও কন্যার নিরাপত্তার নিশ্চিত করার জোর দাবি জানাচ্ছে।

১০. এই সমাবেশ নারীর প্রতি প্রচলিত নেতিবাচক প্রথা, রীতিনীতি ও অভ্যাস পরিবর্তনের জন্য গণমাধ্যমে/ সামাজিক যোগাযোগ মাধ্যমে নিরবচ্ছিন্ন প্রচার-প্রচারণা চালানোর আহ্বান জানাচ্ছে।

১১. এই সমাবেশ ঢাকা বিশ্ববিদ্যালয়সহ সকল বিশ্ববিদ্যালয় সিসি ক্যামেরার আওতায় এনে নিয়মিত মনিটরিং করার দাবি জানাচ্ছে।

আন্তরিক ধন্যবাদসহ

মালেকা বানু
সাধারণ সম্পাদক
কেন্দ্রীয় কমিটি
বাংলাদেশ মহিলা পরিষদ